



স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪৫২

তারিখ: ১৭/০৩/২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে ব্যতিক্রমী কর্মসূচীর মাধ্যমে বঙ্গবন্ধুর জন্মদিন পালিত

বর্গাচ্য আয়োজনের মধ্য দিয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে আজ বাঙালি জাতির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন করা হয়েছে। এ দিনটি উপলক্ষ্যে ক্যাম্পাসে ফ্রি মেডিক্যাল ক্যাম্প, শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা, বঙ্গবন্ধু লার্নিং হাব উদ্বোধন, মুজিব একটি জাতির রূপকার চলচ্চিত্র প্রদর্শন, বঙ্গবন্ধুর ভাষণ ও দেশাত্মবোধক গান পরিবেশন করা হয়েছে। এছাড়াও বাদ আসর দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে। সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে র্যালি শেষে বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে নিয়ে মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন। এরপর শিক্ষক সমিতি, ছাত্রলীগ কুবি শাখা, কর্মকর্তা পরিষদ, কর্মচারী সমিতি বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন।

পুষ্পার্ঘ অর্পণ শেষে আলোচনা অনুষ্ঠানে মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন বলেন, ইতিহাসের মহানায়ক, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী আজ। এই মহানায়কের জন্মদিন বাঙালি জাতির জন্য এক নির্মল আনন্দের দিন। বঙ্গবন্ধুর ৫৫ বছর জীবনে বছরের পর বছর কারাগারে কাটিয়েছেন, অনেক ত্যাগ-তিতিক্ষা জুলুম সহ্য করেছেন। তিনি এসব করেছেন আমাদের জন্য, এদেশের জনগণের জন্য। একাত্তর সালে দেশ স্বাধীন হওয়ার পরে বঙ্গবন্ধু দেশে ফিরে এসে দেশ গড়ায় মনোযোগ দেন। তিনি যখন দেশ গড়ার কাজে নিয়োজিত তখন তাঁকে টেনেহিঁচড়ে নামানোর চেষ্টা করা হয়েছে, অপপ্রচার চালানো হয়েছে, ষড়যন্ত্র হয়েছে। এসব করে যখন পারেনি তখন আমাদের নেতাকে হত্যা করেছে। তাঁর হত্যাকারীদের দেশে-বিদেশে বিভিন্ন সুযোগ সুবিধা দিয়ে পদে বসানো হয়েছে। কারণ জিয়াউর রহমান পাকিস্তানী নাগরিক গোলাম আযমকে এনে এদেশের নাগরিকত্ব দিয়েছিলেন। তারা মিথ্যার আশ্রয় নিয়ে বঙ্গবন্ধুর সিদ্ধান্ত, নেতৃত্বকে ভুল প্রমাণিত করতে চেয়েছিল। কিন্তু বঙ্গবন্ধুর অবদানকে স্মান করা সম্ভব হয়নি। বঙ্গবন্ধুর মতো আজ বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিনরাত পরিশ্রম করে, ত্যাগ তিতিক্ষার বিনিময়ে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন।

তিনি আরও বলেন, আজ আমাদের মধ্যে মিথ্যার একটি সংস্কৃতি গড়ে উঠেছে। এটা আমরা আমাদের বিশ্ববিদ্যালয়েও দেখতে পাই। বিশ্ববিদ্যালয়ের অর্জনকে নিয়ে আমরা অনেকে সমালোচনা করি। মিথ্যার যে সংস্কৃতি, সেখান থেকে আমাদের বেরিয়ে আসতে হবে, সত্য ও ন্যায়ের পথে চলতে হবে, তবেই উন্নয়ন সম্ভব।

দিনব্যাপী উল্লেখযোগ্য ও ব্যতিক্রমী কর্মসূচীর মধ্যে ছিল বিশ্ববিদ্যালয় সংলগ্ন দুঃস্থ, প্রান্তিক ও সুবিধাবঞ্চিত মানুষের চিকিৎসা সেবা প্রদানের জন্য ফ্রি মেডিক্যাল ক্যাম্পের আয়োজন। গতবছরের ন্যায় আয়োজিত এই কর্মসূচীতে শিশু, অর্থোপেডিক্স, চর্ম ও যৌনরোগ, ডায়াবেটিস ও হৃদরোগ এবং মেডিসিন বিষয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের চিকিৎসকদের মাধ্যমে রোগীদের দিনব্যাপী ফ্রি চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ক্যাম্পটির উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় উপাচার্য বলেন, বঙ্গবন্ধু সারাজীবন শোষিত, নির্যাতিত ও গরীব মানুষের জন্য সংগ্রাম করে গেছেন। কিন্তু অনেক বড় বড় দিবসে আমরা সেসব গরীব, মেহনতি মানুষদের ভুলে যাই। তাই বিশ্ববিদ্যালয় সংলগ্ন দরিদ্র, প্রান্তিক জনগোষ্ঠীকে ফ্রি চিকিৎসা সেবা দানের মাধ্যমে বঙ্গবন্ধুকে শ্রদ্ধার সাথে স্মরণ করতে আমরা এই ব্যতিক্রমী কর্মসূচী গতবছর থেকে আয়োজন করছি।

দিবসের শেষ কর্মসূচীতে শিক্ষার্থীদের জন্য নির্মিত ‘বঙ্গবন্ধু লার্নিং হাব’ উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন বলেন, এসকিউ গ্রুপের সহযোগিতায় আধুনিক উপকরনসহ লার্নিং হাব কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দীর্ঘদিনের প্রত্যাশিত একটি স্বতন্ত্র স্টাডি এলাকার অভাব পূরণ করবে। এখানে শিক্ষার্থীরা নিজেদের বই ও ল্যাপটপ নিয়ে প্রবেশ করতে পারবে। তাছাড়া শিক্ষার্থীদের গ্রুপ এ্যাসাইনমেন্ট এবং দলীয় আলোচনার জন্য স্বতন্ত্র কক্ষ ব্যবহার করতে পারবে। লার্নিং হাবে একটি বঙ্গবন্ধু কর্ণার রয়েছে।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি